

দয়ালু শমরীয়

অসুস্থ, দুর্দশাগ্রস্থ এবং হতাশাগ্রস্থ মানুষদের পরিচর্যা
যারা শিশুদের শিক্ষা দেবে তারা অবশ্যই C4b অধ্যয়ণটি পাঠ করবে।



কেন অনেক মানুষ দরিদ্র এবং সমস্যায়ুক্ত? একটি কারণ হল এই যে, মন্দ আত্মা তাদের ফিসফিসিয়ে মিথ্যা কথা বলে। যদি মানুষ পাশ করতে চায়, তাহলে তারা এই সমস্ত মিথ্যাগুলি বিশ্বাস করবে। মন্দ আত্মা আমাদের লোভী, অমানুষিক ও অসৎ করে তুলতে চায়। কিন্তু যীশু মানুষদের এই সমস্ত পাপ ও মিথ্যা থেকে মুক্ত করতে পারে। তিনি আমাদের হৃদয় পরিবর্তিত করতে পারেন এবং আমাদের নতুন ইচ্ছাশক্তির এবং পাপ করতে চায় না এরূপ মানুষে পরিণত করতে পারেন।

১. ঈশ্বরের বাক্য দ্বারা আমাদের হৃদয় ও মনকে প্রস্তুতি সাধন।

আমাদের এই শিক্ষার উদ্দেশ্য হল দরিদ্রদের পরিচর্যা করা। প্রভুর কাছে আপনার ও আপনার তৈরী নতুন দলের জন্য দরিদ্রদের জন্য প্রেম যাষণা করুন। প্রেমের দ্বারাই ভাল কাজ হয়।

লুক ১০ঃ২৫-৩৭ পদে দেখুন কিভাবে দয়ালু শমরীয় ব্যক্তি প্রকৃত প্রেম প্রদর্শন করেছিল।

(উত্তরঃ শমরীয় ব্যক্তিটি আহত ব্যক্তিকে বয়ে নিয়ে যাবার মাধ্যমে প্রকৃত প্রেম প্রদর্শন করেছিল। যীশু সেই সমস্ত বিশ্বাসীদের আত্মিক জীবন দানের প্রতিশ্রুতি দিয়েছেন যারা বাস্তবক্ষেত্রে তাদের বিশ্বাস এইভাবে প্রদর্শন করে।)

যারা এইরূপ করবে তাদের জন্য যীশুর প্রতিশ্রুতি কি ছিল?

(উত্তরঃ লুক ১০ঃ২৫ পদকে ৪৭ পদের সঙ্গে তুলনা করুন।)

১ যোহন ৩ঃ১৭-১৮ পদ মুখস্থ করুন।

২. আগামী সপ্তাহে আপনার লোকেরা যে সমস্ত কার্যকলাপ করবে সেই বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আপনার পরিকল্পনাগুলি কাগজে লিখুন এবং এগুলি আগামী উপাসনার সময়ে উপাসকমণ্ডলীর কাছে ঘোষণা করুন। নির্দিষ্ট বিষয়ের উপরে আপনার পরিকল্পনা করুন। সবচেয়ে দুর্দশাগ্রস্থ মানুষকে খুঁজে বের করে তাকে সাহায্যের জন্য পরিকল্পনা করুন, যেমন গালাতীয় ৬ঃ১০ পদে বলে, এজন্য আইস, আমরা যেমন সুযোগ পাই, তেমনি সকলের প্রতি বিশেষতঃ যাহারা বাটার পরিজন তাহাদের প্রতি সৎকর্ম করি।”

৩. আসন্ন উপাসনার বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

উপাসনার সময় সমাজে দারিদ্রের যন্ত্রনায় কষ্ট পাওয়া মানুষদের জন্য প্রার্থনা করুন।

আত্মিকভাবে জয়লাভের জন্য ঈশ্বরের প্রশংসা করুন। গত সপ্তাহের সাক্ষ্য ও রিপোর্ট দিতে বলুন।

লুক ১০ঃ২৫-৩৭ পদ বর্ণনা করুন। দয়ালু শমরীয়ের সঙ্গে যীশুর সম্বন্ধটি সম্পর্কযুক্ত করতে আপনার সাহায্যকারীকে



প্রস্তুত করুন। প্রথমে দুটি বিষয় আবিষ্কার করার জন্য প্রত্যেককে বিষয়টি যত্নসহকারে শুনতে বলুন।

- ১) কিভাবে দয়ালু শমরীয় প্রকৃত প্রেম প্রদর্শন করেছিল।
- ২) যারা এইরূপ করবে তাদের জন্য যীশুর প্রতিশ্রুতি কি ছিল।

এরপরে, বিভিন্ন মানুষকে জিজ্ঞাসা করুন তারা অনুসন্ধান করে কি পেয়েছে। (এই সমস্ত প্রশ্নের উত্তর ৪ নং পৃষ্ঠার নীচের দিকে আছে।)

আপনাদের হৃদয় পরীক্ষা করুন, পাপসকল স্বীকার করুন এবং প্রভুর ভোজ পর্ব পালন করুন। প্রভুর ভোজ প্রদানের সময় আপনি অথবা একজন সহকারী ১ করিন্থীয় ১০ঃ১৬-১৭ পদ পড়ুন। এরপর ব্যাখ্যা করে বলুন যে আমরা খ্রীষ্টের শরীরের নিদর্শন ভোজন করছি। ঈশ্বরের বাক্য মাংসে মূর্তিমান হয়ে আমাদের সঙ্গে বাস করেছিল। তিনি বেৎলেহমে জন্মগ্রহণ করেছিলেন, যেখানে বোয়স একদা বালি চাষ করেছিল। ‘বেৎলেহম’ কথার অর্থ (রুটির গৃহ)। এখানেই যীশু রক্ত এবং মাংসে পরিণত হয়েছিলেন, যাতে তিনি আমাদের জন্য জীবনের রুটি হতে পারেন।

ঈশ্বরের বাক্যের প্রয়োগ। **পছন্দগুলিঃ**

পছন্দ ১. দয়ালু শমরীয়। ছোট ছেলেমেয়েরা ও প্রাপ্তবয়স্করা একত্রে লুক ১০ঃ২৫-৩৭ পদ থেকে গল্পটি অভিনয় করবে। ছোটরা পথিককে আক্রমণকারী ডাকাতদের চরিত্রে অভিনয় করতে পারে। একজন প্রাপ্ত বয়স্ক লোক গাধা সাজবে।

পছন্দ ২. যে কোন একজন প্রথা মহাশয়ের চরিত্রে অভিনয় করবে। তাকে জিজ্ঞাসা করুন যে শমরীয় ব্যক্তির সঙ্গে সহমত কিনা। সে এই বলে তর্ক করে যে আমরা সমস্ত সময় অতিবাহিত করব যীশুর জন্য আত্মা জয় করতে, কিন্তু সমাজ সেবা করে সময় নষ্ট করে নয়। লোকদের বলুন তার প্রশ্নের উত্তর দিতে। যদি তারা উত্তর দিতে না চায় বা ভীক হয়, তাহলে তার ভুল আপনি নিজে সংশোধন করুন, আপনার নিজের বাক্য দ্বারা এবং যীশু আমাদের যেগুলি করতে বলেছেন সেগুলির ব্যাখ্যা দ্বারা।

পছন্দ ৩. মেঘ এবং ছাগ। মেঘ ও ছাগের গল্পটিকে নাট্যরূপ দিন, যেটি পাওয়া যাবে মথি ২৫ঃ৩১-৪৬ পদে।

বর্ণনাকারী (প্রাপ্ত বয়স্ক)ঃ সেই অংশগুলি পড়ুন যে গুলি রাজা, মেঘ বা ছাগ বলেনি।

রাজা (প্রাপ্ত বয়স্ক)ঃ রাজার বলা কথাগুলি পড়ুন অথবা মুখস্থ বলুন।

মেঘ (ছোট ছেলেমেয়ে)ঃ যে কোন একজন মেঘের বলা কথাগুলি পড়বে বা মুখস্থ বলবে।

ছাগ (ছোট ছেলে মেয়ে)ঃ যে কোন একজন ছাগের বলা কথাগুলি পড়বে বা মুখস্থ বলবে।

পছন্দ ৪ঃ শয়তানের ভীতি প্রদর্শন খণ্ডন করুন। দুজনকে দিয়ে আপনি কবিতাটি পাঠ করাতে অথবা আবৃত্তি করাতে পারেনঃ

বক্তা # ১, ব্যঙ্গাত্মক কণ্ঠে বলবেঃ

শয়তান ভালবাসে ছড়াতে ঈর্ষা
মানুষের অভিযোগে থাকে তিক্ততা!
লুক্ক হস্ত ছিনিয়ে অর্থদৃঢ়মুষ্টিতে তার
স্বার্থপর লাভে বেচে দেয় প্রাণ অহরহ।

বক্তা # ২, আনন্দপূর্ণ, স্থিরচিত্ত কণ্ঠে বলবেঃ

শয়তানকে তার ধনুকের মাঝে
সাজাতে দাও ঈর্ষার অগ্নি তীর,
মোদের অস্ত্র দৃঢ় অটুট ভাঙ্গবে না কোনদিন,
কঠিন আঘাত যতই আসুক বিশ্বাসে মোরা থাকব অবিচল।

আগামী সপ্তাহে দরিদ্রদের সেবা করার যে সমস্ত কার্যকলাপের পরিকল্পনা নিয়েছেন সেগুলি ঘোষণা করুন। আপনার লোকেরা প্রতিবেশী ও বন্ধুদের মধ্যে যাদের সাহায্যের প্রয়োজন তাদের কথা বলবে এবং তাদের প্রতি তারা কি করতে চায় সেই বিষয়ে বলবে। এরপর কারা, কখন একসঙ্গে কাজ করবে সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করুন। নির্দিষ্ট পরিকল্পনা তৈরী করুন।

২ বা ৩ জনের দল করে একে অন্যকে সাহায্য করুন। প্রার্থনা করুন, পরিকল্পনা নির্দিষ্ট করুন এবং একে অন্যকে উৎসাহ প্রদান করুন।